# অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন

## শিল্প মন্ত্রণালয়

**মাসের নাম: জুন/২০২৬**

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | পূর্বের জের | মোট অভিযোগ (৩+৪) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬) | মন্তব্য (% সহ) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| শিল্প মন্ত্রণালয় | - | ১৫ | ১৫ | ০৫ | ২০ | ১৭ | পরিশিষ্ট-ক | ০৩ | অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। |
| বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) | ০২ | ০১ | ০৩ | ০১ | ০৪ | - | - | ০৪ | ঐ |
| বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) | - | ০১ | ০১ | - | ০১ | - | - | ০১ | - |
| বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) | - | ০২ | ০২ | - | ০২ | ০১ | পরিশিষ্ট-ক | ০১ | - |
| বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই) | ০৩ | ০৮ | ১১ | ০১ | ১২ | ১২ | পরিশিষ্ট-ক | - | - |
| বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) | - | - | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি) | - | - | - | - | - | - | - | - | - |
| ন্যাশনাল প্রডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) | - | - | - | - | - | - | - | - | - |
| পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি) | - | ০২ | ০২ | - | ০২ | ০২ | পরিশিষ্ট-ক | - | - |
| প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় | - | - | - | - | - | - | - | - | - |
| ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ) | - | - | - | - | - | - | - | - | - |
| **মোট** | **০৫** | **২৯** | **৩৪** | **০৭** | **৪১** | **৩২** | - | **০৯** | |

**পরিশিষ্ট-ক**

১। **শিল্প মন্ত্রণালয়:**

**(ক)** বিসিক প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভারপ্রাপ্ত লাইব্রেরিয়ান জনাব হুমায়ুন করিব এর সুদীর্ঘ পদায়ন, রহস্যজনক লঘুদন্ড এবং বিভাগীয় মামলাকে ঢাল হিসেবে ব্যবহার এর বিসিক প্রশাসনের চরম দ্বিমুখী নীতি সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব কাজী মোজাম্মেল হক নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটি যাচাই ও তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(খ)** বাংলাদেশ ইলেকট্রিক যানবাহনের (Electric Vehicle-EV) ব্যাপক প্রচলন, চার্জিং অবকাঠামো স্থাপন এবং দ্রুত বাস্তবায়নের দাবিতে আবেদনের বিষয়ে অনলাইনে জনাব মোঃ হিমেল আলী (০১৭৫৭৯৮৬৪১৮) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) সংশ্লিষ্ট হওয়ায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আবেদনটি বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (বিএসইসি) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(গ)** ইউনিক আইডির কারণে জন্ম নিবন্ধনের সাল সংশোধন হচ্ছে না। হয় ইউনিক আইডি ডিলিট করেন না হয় সংশোধনের ব্যবস্থা করেন এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঘ)** পরিবেশ সুরক্ষা, জ্বালানি নিরাপত্তা ও জনস্বার্থে সারা বাংলাদেশে বৈদ্যুতিক যানবাহন (EV) অবকাঠামো ও নীতিমালা দ্রুত বাস্তাবয়নের দাবিতে আবেদন Ubiquiti-এর AI-ভিত্তিক ট্রাফিক প্রযুক্তি ব্যবহার করে সারা বাংলাদেশে স্মার্ট ট্রাফিক ব্যবস্থাপনা বাস্তবায়নের জোরালো আবেদন সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ হিমেল আলী (০১৭৫৭৯৮৬৪১৮) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে মতামতটি বিবেচনার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন পুলিশ হেডকোয়াটার্সে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঙ)** Problem Applying for Duplicate HSC Certificate সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মহিবুল্লাহ রানা (০১৬১৯৫৬৪১৮৮) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(চ)** অনার্স এর সার্টিফিকেট ও ট্রান্সক্রিপ্ট সত্যায়নের জন্য আবেদন এবং গত ৪ ও ১১ তারিখে সার্টিফিকেট ডেলিভারি দেওয়ার কথা ছিল কিন্তু এখনো সেটা ডেলিভারি দেওয়া হয় নাই এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব আবু বক্কর ছিদ্দিক নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিভাগে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ছ)** বিসিক ময়মনসিংহের আর্থিক অনিয়ম সংক্রান্ত বিষয়ে অনলাইনে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

**(জ)** মাউশি প্রদর্শক পদের রেজাল্ট দিচ্ছে না এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব সাগর হোসাইন (০১৭৭২৭৮৯৬৪৯) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটিতে কোনো তথ্য না থাকায় নাথিজাতের মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

**(ঝ)** শাহজালাল ফার্টিলাইজার কোম্পানী লিমিটেড এর কর্মকর্তা মুহাম্মদ নাজমুল ইসলাম-এর দুর্নীতিমূলক কার্যক্রম, প্রতারণা ও হয়রানির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আবেদন সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব কফিয়ত হোসাইন (০১৮২২০৯২৮১৪) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

(ঞ) দইয়ের ওজন লিখা থাকা কি বাধ্যতামুলক এ সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মি. আনিস (০১৯১১০৪৮০০৭) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

(ট) অর্জিত ছুটি নগদায়ন (ল্যাম্পগ্রান্ট) প্রাপ্তির আবেদন নিষ্পত্তি না হওয়া প্রসঙ্গে অনলাইনে জনাব মোঃ নূরুজ্জামান (০১৭১৯২৫০১১০) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

(ঠ) অর্জিত ছুটি নগদায়ন (ল্যাম্পগ্রান্ট) প্রাপ্তির আবেদন নিষ্পত্তি না হওয়া প্রসঙ্গে অনলাইনে জনাব মোঃ শামিমুল ইসলাম (০১৮১৪২১২৩৯৭) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (বিএসএফআইসি) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

(ড) চাকুরি হতে ইস্তফাদানের প্রেক্ষিতে বিসিক থেকে ছুটি নগদায়নের অর্থ প্রদান না করা প্রসঙ্গে অনলাইনে জনাব শুভেচ্ছা দে (০১৭৯৫৬০২৩২৮) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) সংশ্লিষ্ট। প্রাপ্ত অভিযোগটির বিষয়ে মতামত প্রদানের জন্য বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) বরাবর প্রেরণ করে নিষ্পত্তি করা হয়েছে।

(ঢ) E-Apostille বা ডিজিটাল সত্যতা সনদ প্রাপ্তির বিষয়ে অনলাইনে জনাব মোঃ জিহাদ হাসান (০১৫৭৭১১৩৫০২) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটিতে বিস্তারিত কোন তথ্য না থাকায় নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

(ণ) গার্মেন্টসে শ্রমিকদের নিরাপত্তা সংক্রান্ত বিষয়ে অনলাইনে জনাব মরিয়ম ইসলাম (০১৪০১৭৭৩৪৫৩) নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগটি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এর প্রদত্ত সেবা-সংক্রান্ত হওয়ায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ে প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

(ত) জনাব আল মারুফ, সহকারী লাইব্রেরিয়ান, শিল্প মন্ত্রণালয় এর বিরুদ্ধে মোছাঃ ইসরাত জাহান ইভা, পিতা- মোঃ আনারুল ইসলাম, সাং-গোধারীপুর, ডাকঘর ও থানা-পলাশবাড়ী, জেলা- গাইবান্ধা এর নিকট হতে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।

(থ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর সল্ট সেল প্রধান জনাব মোঃ সারওয়ার হোসেনের বিতর্কিত নিয়োগ, পদোন্নতি ও অপকর্ম সংক্রান্ত বিষয়ে একটি অভিযোগ আসে। প্রাপ্ত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত প্রতিবেদনের সুপারিশ অনুযায়ী অভিযোগটি তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাতের মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে।

## ২। বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক):

**নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:**

(I) জিআরএস অনলাইনে নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক ব্যক্তি গত ০৮/০৬/২০২৬ তারিখে বিসিক জেলা কার্যালয় ময়মনসিংহে লে-আউট, নাম পরিবর্তন, হস্তান্তর, ঋণ প্রদানসহ উদ্যোক্তাদের বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে নির্ধারিত ফি-র অতিরিক্ত অর্থ দাবিসহ কতিপয় আর্থিক অনিয়ম সংক্রান্ত অভিযোগ দাখিল করেন। সে পরিপ্রেক্ষিতে অভিযোগের বিষয়ে নিয়ন্ত্রয়ক, হিসাব ও অর্থ বিভাগ, বিসিক ঢাকার মতামত গ্রহণ করা হয়। মতামতের ভিত্তিতে অভিযোগটি গত ৩০/০৬/২০২৬ তারিখে নিষ্পত্তি করা হয়।

## ৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউশন (বিএসটিআই):

**নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:**

(I) গত ০৭.০৬.২০২৬ খ্রি. তারিখে কুমিল্লা জেলার লাকসাম উপজেলায় বিএসটিআই কুমিল্লা অফিস কর্তৃক একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে নিম্নোক্ত অবৈধ প্রতিষ্ঠানগুলোকে আগামী ০২ (দুই) কার্য দিবসের মধ্যে বিএসটিআই এর লাইসেন্স গ্রহণের জন্য আবেদন জমাদানের তাগাদা প্রদান করা হয়:

১। হালাল সুইটস, বাইপাস, উত্তর লাকসাম, কুমিল্লা।
২। হাজী সুইটস, বাইপাস, উত্তর লাকসাম, কুমিল্লা।
৩। মিনি আদর্শ বেকারি, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
৪। নিউ দেশপ্রিয় মিষ্টি ভান্ডার, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
৫। আল মদিনা সুইটমিট, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
৬। আদর্শ মিষ্টান্ন ভান্ডার এন্ড কনফেকশনারী, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
৭। নিউ বনলতা সুইটস, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।

৮। মিষ্টি মেলা এন্ড কনফেকশনারী, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
৯। মেসার্স পিয়াসা, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।
১০। আনন্দ মিষ্টান্ন ভান্ডার, দৌলতগঞ্জ বাজার, লাকসাম, কুমিল্লা।

(II) গত ০৮.০৬.২০২৬ তারিখে উপজেলা প্রশাসন, মুরাদনগর, কুমিল্লা ও বিএসটিআই, কুমিল্লা এর যৌথ উদ্যোগে কুমিল্লার মুরাদানগরে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে-

ক) মেসার্স বাদল ফুড এন্ড বেভারেজ, মুরাদনগর, কুমিল্লাকে অবৈধভাবে অনুমোদনহীন এডিবল জেল (অরেঞ্জ ও স্ট্রবেরী) পণ্য উৎপাদন ও বিক্রয় বিতরণ করায় বিএসটিআই আইন ২০১৮ এবং "ওজন ও পরিমাপ মানদন্ড আইন-২০১৮" অনুযায়ী ২,০০,০০০/- ( দুই লক্ষ টাকা) অর্থদণ্ড করা হয়।

খ) মেসার্স বি বাড়িয়া বেকারি, শ্রীকাইল রোড, মুরাদনগর, কুমিল্লা কর্তৃক অবৈধভাবে ব্রেড ও বিস্কুট উৎপাদন ও বিক্রয় বিতরণ করায় বিএসটিআই আইন ২০১৮ অনুযায়ী ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা) অর্থদন্ড করা হয় এবং প্রায় ২০০ কেজি ব্রড বিস্কুট জব্দ করে উন্মুক্ত নিলামে পশু খাদ্য হিসাবে বিক্রি করা হয়।

(III) গত ০৯.০৬.২০২৬ তারিখে বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা ও উপজেলা প্রশাসন, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা এর যৌথ উদ্যোগে কুমিল্লা জেলার সদর দক্ষিণ উপজেলায় একটি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়।

উক্ত অভিযানে অত্যন্ত অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে এবং অননুমোদিত কালার, ফ্লেভার ও অন্যান্য কাঁচামাল ব্যবহার করে সিএম লাইসেন্স ও পণ্য মোড়কজাত নিবন্ধন সনদ ব্যতিরেকে আইসক্রিম পণ্য উৎপাদন, বিক্রয় - বিতরণের অপরাধে "মায়ের দোয়া আইসক্রিম ফ্যাক্টরি, পাদুয়ার বাজার বিশ্বরোড, সদর দক্ষিণ, কুমিল্লা" প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী মোঃ দিদার মিয়া (৪০), পিতা : মৃত. আবুল কালাম, শ্রীবল্লভপুর, আহমদনগর, সদর দক্ষিণ, কুমিল্লা কে * ওজন ও পরিমাপ মানদন্ড আইন ২০১৮* এর ৪১ ধারায় * ৫০,০০০/- (পঞ্চাশ টাকা) অর্থদণ্ড ও ০১ (এক) মাসের কারাদন্ড প্রদান করা হয় এবং অননুমোদিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য ধ্বংস করা হয়।

(IV) গত ০৯.০৬.২০২৬ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলা প্রশাসন, দেবিদ্বার, কুমিল্লা ও বিএসটিআই জেলা অফিস, কুমিল্লা এর যৌথ উদ্যোগে দেবিদ্বার উপজেলায় একটি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়।

উক্ত অভিযানে মোসলেম ফুড এন্ড বেভারেজ, মধ্যপাড়া, মরিচা, দেবিদ্বার, কুমিল্লা কে মোড়কজাত নিবন্ধন সনদ না থাকায় ওজন পরিমাপ মানদণ্ড, ২০১৮ এর ২৪(১)/৪১ ধারা অনুযায়ী ৫০,০০০/- (পঞ্চাশ হাজার টাকা) অর্থদন্ড করা হয়।

(V) গত ২৪.০৬.২০২৬ তারিখে বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা ও উপজেলা প্রশাসন, মুরাদনগর, কুমিল্লা এর যৌথ উদ্যোগে কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলার কোম্পানীগঞ্জ বাজারে একটি মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়।

উক্ত অভিযানে অত্যন্ত অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে এবং অননুমোদিত কালার, ফ্লেভার ও অন্যান্য কাঁচামাল ব্যবহার করে সিএম লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে আইসক্রিম পণ্য উৎপাদন, বিক্রয়- বিতরণের অপরাধে "দয়াময় আইসক্রিম ফ্যাক্টরি (ব্র্যান্ড: ফাস্ট), কোম্পানীগঞ্জ, মুরাদনগর, কুমিল্লা" প্রতিষ্ঠানটির দায়িত্বশীল প্রতিনিধি মোঃ ইমন সম্রাট (২৩), পিতা : মোঃ হারুনুর রশিদ মোল্লা, কোম্পানীগঞ্জ, মুরাদনগর, কুমিল্লা কে * বিএসটিআই আইন ২০১৮* এর ৩১ ধারায় * ৮০,০০০/- (আশি হাজার টাকা) অর্থদন্ড এবং কারখানায় প্রাপ্ত অননুমোদিত কাঁচামাল ও উৎপাদিত পণ্য ধ্বংস করা হয়।

(VI) ২৫.০৬.২০২৬ খ্রি. তারিখে জনস্বার্থে কুমিল্লা জেলার সদর দক্ষিণ, বরুড়া, মনোহরগঞ্জ উপজেলায় একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। অভিযানে নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিদর্শন করা হয়:

১। ফুলকলি আইসক্রিম ফ্যাক্টরী, দিশাগঞ্জ, মনোহরগঞ্জ, কুমিল্লা।
২। আল মদিনা বেকারী, থানা রোড, মনোহরগঞ্জ, কুমিল্লা।
৩। সালমা ব্রেড ফ্যাক্টরী, পশ্চিম বাজার, মনোহরগঞ্জ, কুমিল্লা।
৪। মায়ের দোয়া আইসক্রিম, কলেজ গেট, বরুড়া, কুমিল্লা।
৫। বিসমিল্লাহ আইসক্রিম কারখানা, ভাউকসার রোড, বরুড়া, কুমিল্লা।
৬। জনি আইসক্রিম, পূর্ব বাজার, বরুড়া, কুমিল্লা।
৭। শিহাব আইসক্রিম, সদর দক্ষিণ, কুমিল্লা।

উক্ত অভিযানে অবৈধ প্রতিষ্ঠানসমূহকে ৩ কার্যদিবসের মধ্যে বিএসটিআই মান্ত সনদ গ্রহণের লক্ষ্যে আবেদন জমাদানের জন্য তাগাদা প্রদান করা হয়।

**(VII)** গত ২৮.০৬.২০২৬ খ্রি. তারিখে চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় বিএসটিআই কুমিল্লা অফিস কর্তৃক একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে তৃষ্ণা ড্রিংকিং ওয়াটার, উত্তর কেরুয়া, ফরিদগঞ্জ, চাঁদপুরকে আগামী ০২ (দুই) কার্য দিবসের মধ্যে বিএসটিআই এর লাইসেন্স গ্রহণের জন্য আবেদন জমাদানের তাগাদা প্রদান করা হয়।

**(VIII)** গত ৩০.০৬.২০২৬ খ্রি. তারিখে জাগুরজুলি, কোটবাড়ী বিশ্বরোড, কুমিল্লায় বিএসটিআই কুমিল্লা অফিস কর্তৃক একটি সার্ভিল্যান্স অভিযান পরিচালনা করা হয়। উক্ত অভিযানে মাহি ফুড গ্যালারী নামীয় প্রতিষ্ঠানকে-
০১. বিএসটিআই এর লাইসেন্সবিহীন আচার পণ্য বিক্রয় করতে নিষেধ করা হয়।
০২. বোতলজাত ড্রিংকিং ওয়াটারের দাম লেবেলে উল্লেখিত দামের চেয়ে বেশি রাখতে নিষেধ করা হয়। এবং
০৩. যেকোন পণ্য বিক্রয়ের পর ক্রেতাকে বিক্রয়ের রশিদ প্রদান করতে বলা হয়।
আজকে উক্ত প্রতিষ্ঠানের এসব বিষয়ে সতর্ক করে ভবিষ্যতে একইরুপ অপরাধ সংঘটিত হলে BSTI এর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে বলা হয়।

**(IX)** ফরিদপুর জেলার সাংবাদিক জনাব তামিম ইসলাম, মোবাইল নম্বর: ০১৮৬২০৪০৫৫৪ গত ০৭.০৫.২০২৬ খ্রি. তারিখে ফরিদপুর সদর উপজেলার বাখুন্ডা বাজার এলাকায় অবস্থিত "টেস্টি আইসক্রিম ফ্যাক্টরী" নামক প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিএসটিআই'র বাধ্যতামূলক মান সনদ (CM Licence) ব্যতিরেকে এবং অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে আইসক্রিম ফেরি ও বাজারজাত করছে মর্মে ই-মেইলের মাধ্যমে উপপরিচালক ও অফিস প্রধান মহোদয় বরাবর অভিযোগ দাখিল করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ১৭.০৬.২০২৬ খ্রি. তারিখে বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, ফরিদপুরের সার্ভিল্যান্স টিম সরেজমিনে বাখুন্ডা বাজার এলাকায় অবস্থিত "টেস্টি আইসক্রিম ফ্যাক্টরী" নামক প্রতিষ্ঠানে পরিদর্শনে যান এবং প্রতিষ্ঠানটি বন্ধ পান।

**(X)** গত ১৪.০৬.২০২৬ খ্রিঃ তারিখে উক্ত প্রতিষ্ঠান একটি অভিযোগপত্রের মাধ্যমে জানায় যে, ময়মনসিংহ, গাজীপুর, ও নোয়াখালী অঞ্চলের কয়েকটি প্রতিষ্ঠান/ শো-রুমসমূহে "Aziz Plastics" ব্র্যান্ডের নাম ব্যবহার করে নকল পণ্য বিক্রয়/বিতরণের বিষয়টি তাদের নজরে এসেছে। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ শো-রুমসমূহ বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, ফরিদপুর এর অধিক্ষেত্র ভুক্ত নয়।

এমতাবস্থায়, বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ শো-রুমসমূহে স্কোয়াড/সার্ভিল্যান্স অভিযান পরিচালনার মাধ্যমে অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে গত ১৬.০৬.২০২৬ খ্রি. তারিখে বিএসটিআই বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ, বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, গাজীপুর এবং বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, নোয়াখালী অফিসসমূহের অফিস প্রধান বরাবর পত্র প্রেরণ করা হয়।

**(XI)** নারায়ণগঞ্জ জেলার সদর উপজেলা থেকে টেলিফোনের মাধ্যমে একজন অভিযোগ করেন যে, নারায়ণগঞ্জের জালকুড়ি এলাকায় বিএসটিআই লাইসেন্স গ্রহণ ব্যতিত একটি প্রতিষ্ঠান বেকারি পণ্য বিস্কুট, কেকসহ বিভিন্ন পণ্য অত্যন্ত অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশে উৎপাদন করে যাচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ২১.০৬.২৬ খ্রি. তারিখে রহমত বেকারি এন্ড কনফেকশনারি, জালকুড়ি, ফতুল্লা, নারায়ণগঞ্জ নামক প্রতিষ্ঠানে জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ ও বিএসটিআই আঞ্চলিক কার্যালয় এর যৌথ উদ্যোগে একটি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। 'বিস্কুট ও কেক' পণ্যসমূহের অনুকূলে বিএসটিআই লাইসেন্স গ্রহণ ব্যতিত বিক্রয়-বিতরণ করায় বিজ্ঞ সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট প্রতিষ্ঠানটিকে ৫০,০০০/= (পঞ্চাশ হাজার) টাকা মাত্র জরিমানা করেন।

**(XII)** নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলার মোঃ সোহরাব হোসেন গত ০৯/০৬/২৬ খ্রি. তারিখে বিএসটিআইতে লিখিত অভিযোগ করেন যে, সৈয়দপুর উপজেলার নিকটস্থ দোকান থেকে বিএসটিআই কর্তৃক অনুমোদিত সাইক্লোন ব্র্যান্ডের মশার কয়েল ক্রয় করে রাতে



৭

ব্যবহার করলে চোখমুখপোড়াসহ পরিবারের সবাই অনেক অস্বস্তি অনুভব করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে গত ২১-০৬-২৬ খ্রি. তারিখে বিএসটিআই বিভাগীয় কার্যালয়, রংপুর এর একটি টিম কর্তৃক সার্ভিল্যান্স পরিচালনা করা হয়। সার্ভিল্যান্স পরিচালনাকালে উক্ত ব্র্যান্ডের নমুনা সংগ্রহ করে পরীক্ষণের জন্য টেস্ট ল্যাবে পাঠানো হয়।

**৪। পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)**

**নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ:**

(I) সার্ভার সমস্যা সংক্রান্ত অভিযোগ। ডিপিডিটি'র অনলাইন সেবা বিষয়ক Software, Industrial Property Administration System (IPAS)-এ গত ২৮/০৪/২০২৬ তারিখ হতে হঠাৎ সার্ভারের পারফরম্যান্সজনিত কিছু সমস্যা পরিলক্ষিত হয়। এর ফলে সিস্টেমের গতি কিছুটা মন্থর হয়ে যায় বা কিছু ক্ষেত্রে একই সাথে বেশি ইউজার লগইন করলে সার্ভারের গতি কমে গিয়ে ব্যাঘাত সৃষ্টি হতো। ফলে ব্যবহারকারীগণের জন্য আংশিকভাবে কিছু সেবা গ্রহণে ব্যাঘাত ঘটতো বা বিলম্ব হতে পারে। তবে উল্লেখ্য উক্ত সময়ে সার্ভার সম্পূর্ণরূপে বন্ধ ছিল না। সিস্টেম সচল ছিল এবং আবেদন দাখিলসহ বিভিন্ন কার্যক্রম সম্পাদন বিলম্বে করা সম্ভব হয়েছে। অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।

(II) ডিপিডিটি'র সার্ভার (IPAS 4) সফটওয়্যার পারফরম্যান্সজনিত সমস্যা সংক্রান্ত অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।